যুগান্তর

২০/৩/২০০৩

তারিখ ... পৃষ্ঠা ৭৭ কলাম ২

# ঘরে বসে বিদেশী ডিগ্রি নেয়ার সুযোগ

যাদের ইচ্ছাশক্তি থাকা সত্ত্বেও দেশের বাইরে পড়াশোনা করার মতো সুযোগ নেই, অথচ সামর্থ্য রয়েছে। তারা ইচ্ছা করলে The University of London-এর Syllabus অনুসরণ করে ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে নিজ দেশে অবস্থান করে পড়াশোনা চালিয়ে যেতে পারেন এবং পরীক্ষার মাধ্যমে সার্টিফিকেট সংগ্রহ করতে পারেন, London University-এর External Programme-এ, বিশ্বের ১৫০টি দেশের প্রায় পঁচিশ হাজার ছাত্রছাত্রী পড়াশোনা করছে।

The University of London-এর External Programme-এ ভর্তি হলে, বিশ্ববিদ্যালয় প্রয়োজনীয় উপকরণসমূহ ডাকযোগে কিংবা British Council-এর মাধ্যমে সরবরাহ করে থাকে। এই Programme-এ ভর্তি হতে হলে অবশ্যই ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে Registration করতে হবে। Registration-এর পরে বিশ্ববিদ্যালয় ID কার্ডসহ সব প্রয়োজনীয় সিলেবাস, বইয়ের Reference, Model Test Sheet অনুকরণযোগ্য প্রশ্ন ব্যাংক ও সিট, পড়ালেখার মূল্যায়ন ও অগ্রগতির কার্যাবলী নিরীক্ষা সম্পর্কে অবগত করে থাকে। কোন বিষয়ের বিষয়বস্তু সম্পর্কে বুঝতে অসুবিধা হলে অথবা জটিলতা দেখা দিলে ব্রিটিশ কাউন্সিলে জানালে অথবা বিশ্ববিদ্যালয়ের নজরে আনলে ডাকযোগে, অডিও, ভিডিও অথবা ইমেলে বিস্তারিতভাবে উপস্থাপন করে বিষয়টি বুঝতে চেষ্টা করানো হয়। প্রয়োজনবোধে ব্রিটিশ কাউন্সিলে ক্লাসের ব্যবস্থাও করা হয়।

সব সিলেবাস অনুসরণ করে নিজ দায়িত্বে পড়তে হয় বলে অনেকে অনাগ্রহতা প্রকাশ করে। কিন্তু বিশ্ববিদ্যালয়-তাদের Intensive Programme-এর মাধ্যমে সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগের চেষ্টা অব্যাহত রাখে যার ফলে এই Programme-এর প্রয়োজনীয়তা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে।

External Programme-এর অধীনে O/A Level হতে শুরু করে graduation পর্যন্ত Registration করানো হয়। O/A Level প্রাইভেট দেয়ার ইচ্ছা পোষণ করলে External Programme-এর মাধ্যমে যোগাযোগ করলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরামর্শ কিংবা Registration করার সুপারিশ প্রদান করবে।

বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ছাত্রছাত্রীদের সিডিউল অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হয়। একই সময়ে পরীক্ষা শুরু হবে অর্থাৎ London University-এর Local Time অনুযায়ী External Programme-এর International Studentদের পরীক্ষার প্রশ্ন প্রদান করা হয়। খাতার

The University of London-এর External Programme-এ ভর্তি হলে, বিশ্ববিদ্যালয় প্রয়োজনীয় উপকরণসমূহ ডাকযোগে কিংবা British Council-এর মাধ্যমে সরবরাহ করে থাকে। এই Programme-এ ভর্তি হতে হলে অবশ্যই ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে Registration করতে হবে।

মূল্যায়ন হবে তাদের নিয়মিত Studentদের মতোই, পরীক্ষার পর ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে অথবা নির্দেশিত প্যাকে বা অফিসের মাধ্যমে সরাসরি London University-তে চলে যাবে খাতা মূল্যায়নের জন্য। পরীক্ষার ফলাফল একই সময়ে প্রকাশিত হবে এবং অনুমোদিত সংস্থার মাধ্যমে তা জানা যাবে। এই বিশ্ববিদ্যালয়ের External Programme-এর সকল পরীক্ষা নিবে বাংলাদেশে ব্রিটিশ কাউন্সিল। এই Programme-এর সার্টিফিকেটের মান, বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ছাত্রদের প্রদান করা সার্টিফিকেটের সমতুল্য।

নিম্নে এই বিশ্ববিদ্যালয়ের External Programme-এর Benefits সমূহ তুলে ধরা হল।

* প্রতিযোগিতামূলক কম টিউশন ফিস। (নিয়মিত ছাত্রদের তুলনায়)।
* Received Study Materials Which have been written specifically with external students in mind.
* প্রয়োজনবোধে Semester drop দিতে পারেন পরবর্তী সেমিস্টারে আবার অংশগ্রহণ করতে পারেন।
* Undergraduation degree-এর জন্য কমপক্ষে তিন বছর এবং সর্বোচ্চ আট বছরের মাধ্যমে Study complete করতে হবে।
* External Students work is assessed to the same Standard as that of an internal student.

পড়াশোনার আগ্রহ প্রকাশ করলে এবং তথ্য সংগ্রহে ইচ্ছুক হলে The University of London-এর External Programme-এ তার, ডাক, মেইল অথবা ইন্টারনেটে ব্রাউজ করে দেখুন, এছাড়াও Local British Council-এ যোগাযোগ করে Prospectus অথবা তথ্য সংগ্রহ করতে পারেন।

University of London, External Programme
Room-I (99/FGEN), Senate House, Molet Street
London WLIE 7HU. U.K
Tel : (+) (44-171) 8628360, 8628361, 8628362
Fax : (+) (44-171) 8628358
e-mail : enquiries @ eisa.lon.ac.uk
website : www.lon.ac.uk/external

OR

The British council in Bangladesh
5, Fuller Road, Dhaka
Tel > (02) 8618905-7/8618867-8
Tel (031) 724287.

ফখরুল ইসলাম মনির